গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের দপ্তর

# মাদারীপুর সরকারি কলেজ, মাদারীপুর

স্থাপিত: ১৯৪৮ খ্রি.

কলেজ কোড: [ উচ্চ মাধ্যমিক-৫৫০০] [জাতীয় বিশ্ববিদ্যালয়- ৬৩০১]

ফোন: +৮৮০২৪৭৮৮১০১২৪, ওয়েব-সাইট: www.mgc.ac.bd

EIIN: 110785

E-mail: gnc_edu@yahoo.com, mgc2020edu@gmail.com

তারিখ: ০৯/০৪/২০২৫ খ্রি.

## নোটিশ

মাদারীপুর সরকারি কলেজ, মাদারীপুর-এর স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের বা ডিগ্রী **১ম বর্ষে (২০২২-২৩ শিক্ষাবর্ষ)** অধ্যয়নরত শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক আর্থিকভাবে অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের উপবৃত্তি, টিউশন ফি ও অন্যান্য সুবিধাদি প্রদান করার লক্ষ্যে আবেদনপত্র আহ্বান করা হয়েছে (কপি সংযুক্ত)। আগ্রহী শিক্ষার্থীদের আগামী **১৫/০৪/২০২৫ খ্রি. সকাল ০৯:০০ টা হতে ১৫/৫/২০২৫ খ্রি. রাত ১১:৫৯ টার** মধ্যে নিম্নলিখিত লিংক ব্যবহার করে আবেদন করে আবেদনের প্রিন্টআউট কপি **১৬/০৫/২০২৫ খ্রি.** তারিখের মধ্যে কলেজের অফিস কক্ষে **জনাব শুকলাল বিশ্বাস**-এর নিকট জমা দেয়ার জন্য বলা হলো।

**আবেদনের লিংক:**

***https://estipend.pmeat.gov.bd***

(প্রফেসর মো. লুৎফর রহমান খান)
আইডি নং- ৯৬৮
অধ্যক্ষ
মাদারীপুর সরকারি কলেজ,
মাদারীপুর।

প্রফেসর মো. লুৎফর রহমান খান
আইডি নং-৯৬৮
অধ্যক্ষ
মাদারীপুর সরকারি কলেজ
মাদারীপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট**
উপবৃত্তি শাখা
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা, ১২০৯
www.pmeat.gov.bd

নং-৩৭.২৪.০০০০.০৩.০২৮.০০১.২৫-২৭৩

তারিখ: ২৪ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
০৭ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

# স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের উপবৃত্তির আবেদন এন্ট্রির বিজ্ঞপ্তি ২০২৫

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের ২০২২-২৩ (ডিগ্রী ও ফাজিল ১ম বর্ষ) শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়, জাতীয় বিশ্ববিদ্যালয় এবং ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত আর্থিকভাবে অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের উপবৃত্তি, টিউশন ফি ও অন্যান্য সুবিধাদি প্রদানের লক্ষ্যে নিম্নবর্ণিত সময়সূচি ও নির্দেশনা অনুসারে শিক্ষার্থী ও শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে https://estipend.pmeat.gov.bd সফটওয়্যারে নিম্নে উল্লিখিত তারিখ ও সময়ের মধ্যে আবেদন আহবান করা যাচ্ছে:

১। স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের ২০২২-২৩ শিক্ষাবর্ষের (ডিগ্রী ও ফাজিল ১ম বর্ষ) শিক্ষার্থীদের https://estipend.pmeat.gov.bd সফটওয়্যারের মাধ্যমে অনলাইনে আবেদন করার তারিখ ও সময় **১৫ এপ্রিল ২০২৫ খ্রি. সকাল ০৯:০০ টা থেকে ১৫ মে ২০২৫ খ্রি. রাত ১১:৫৯ টা** পর্যন্ত।

২। সফটওয়্যারে এন্ট্রিকৃত শিক্ষার্থীদের আবেদনে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক শিক্ষার্থীর উপস্থিতি ও বাছাই কমিটির রেজুলেশন অনলাইনে সফটওয়্যারে আপলোড করে PMEAT'র ই-স্টাইপেন্ড ম্যানেজমেন্ট সিস্টেমে forward করার তারিখ ও সময় **১৬ মে ২০২৫ খ্রি. সকাল ০৯:০০ টা থেকে ২৭ মে ২০২৫ খ্রি. রাত ১১:৫৯ টা** পর্যন্ত।

৩। বর্ণিত নির্ধারিত সময়ের পরে কোন শিক্ষার্থীর আবেদন এন্ট্রি বা শিক্ষা প্রতিষ্ঠান থেকে PMEAT'র ই-স্টাইপেন্ড ম্যানেজমেন্ট সিস্টেমে forward করা যাবে না।

৪। উল্লেখ্য, উপবৃত্তি প্রদানের নিমিত্ত শিক্ষার্থী নির্বাচনের লক্ষ্যে সফটওয়্যারে তথ্য এন্ট্রির ক্ষেত্রে শিক্ষার্থীদের আবেদন ফরমে শিক্ষার্থী/পিতা/মাতা'র একাউন্ট নম্বর হিসাবে ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয় এর আওতাধীন ডাক অধিদপ্তরের সাথে চুক্তিবদ্ধ মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস হিসেবে শুধুমাত্র সচল **'নগদ'** একাউন্ট নম্বর এন্ট্রি করতে হবে।

৫। শিক্ষার্থীদের উপবৃত্তির আবেদন সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের www.pmeat.gov.bd ওয়েবসাইট এবং PMEAT'র ই-স্টাইপেন্ড ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যারের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

৬। স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের উপবৃত্তি সংক্রান্ত হেল্পলাইনঃ **০২-৫৫০০০৪২৮, ০১৭৭৮৯৬৪১৫৬ ও ০১৭২৪৫৯৬৬৭৬** (অফিস চলাকালীন সকাল ০৯:০০ টা থেকে বিকাল ০৫:০০ টা পর্যন্ত হেল্পলাইন নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো)।

০৭/৪/২০২৫
(স্মৃতি কর্মকার)
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ০২-৫৫০০০৯২২
ই-মেইল: md@pmeat.gov.bd